# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**০২ মার্চ ২০২২ (বুধবার)**

**[সময়কালঃ ০২.০৩.২০২২-০৬.০৩.২০২২]**



ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

## মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

**করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:**

করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং বাংলাদেশ সরকারের অন্যান্য দিক নির্দেশনা মেনে চলুন।

**আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:**

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন দক্ষিণ আন্দামান সাগর এলাকায় একটি লঘুচাপ অবস্থান করছে। পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।
সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।
পরবর্তী ৭২ ঘন্টায় আবহাওয়ার অবস্থার উল্লেখযোগ্য পরিবর্তনের সম্ভাবনা নেই।
মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের কোন জেলায় বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা নেই।
এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো:

**বোরো ধান:**

- জমিতে প্রয়োজনীয় পানির স্তর বজায় রাখুন।
- ব্লাস্ট রোগ নিয়ন্ত্রণের জন্য রোগের প্রাথমিক অবস্থায় ট্রুপার/নেটিভো/জিল নামক ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় প্রয়োগ করুন।
- মাজরা পোকার আক্রমণ দেখা দিলে ডিমের গাদা সংগ্রহ করে নষ্ট করে ফেলুন, আলোকফাঁদ ব্যবহার করুন, আক্রমণ বেশি হলে অনুমোদিত বালাইনাশক ব্যবহার করুন।
- পাতা মোড়ানো পোকা দমনে আলোক ফাঁদ ব্যবহার করুন ও জমিতে পার্চিং করুন। ইউরিয়া সারের অতিরিক্ত ব্যবহার পরিহার করুন। শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্থ হলে সেভিন ৮৫ এসপি, ডার্সবান ২০ ইসি অথবা মিপসিন ৭৫ ডব্লিউপি এর যে কোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।
- থ্রিপস পোকার আক্রমণ দেখা দিলে আক্রান্ত জমিতে নাইট্রোজেন জাতীয় সার ব্যবহার করুন। আক্রমণ বেশি হলে হেক্টরপ্রতি ১.১২ লিটার ম্যালাথিয়ন অথবা ১.৭ কেজি কার্বারিল অথবা ১.১২ কেজি আইসোপ্রোকার্ব/এমআইপিসি প্রয়োগ করুন।

**গম:**

- চারার তিন পাতার সময় (বপনের ১৭-২১ দিন পর) প্রথম সেচ, শীষ বের হওয়ার  সময় (বপনের ৫০-৫৫ দিন পর) দ্বিতীয় সেচ এবং  দানা গঠনের সময় (বপনের ৭৫-৮০ দিন পর) তৃতীয় সেচ প্রদান করুন।
- গম ক্ষেতে ইঁদুরের উপদ্রব হলে ২% জিঙ্ক সালফাইড বিষটোপ ব্যবহার করে ইঁদুর দমন করুন।

**আলু:**

- প্রয়োজন অনুযায়ী সেচ প্রদান করুন।
- কাটুই পোকার আক্রমণ দেখা দিলে আক্রান্ত কাটা আলু গাছ দেখে তার কাছাকাছি মাটি উল্টে পাল্টে কীড়া খুঁজে সংগ্রহ করে মেরে ফেলুন। পোকার উপদ্রব বেশি হলে ফেরোমন ফাঁদ এবং কীড়া দমনের জন্য বিষটোপ ব্যবহার করা যেতে পারে। এছাড়া প্রতি লিটার পানির সাথে ক্লোরপাইরিফস ২০ ইসি ৫ মিলি হারে মিশিয়ে গাছের গোড়া ও মাটিতে স্প্রে করে ভিজিয়ে দিতে হবে।

**সরিষা:**

- বীজ বপনের ২০-২৫ দিনের মধ্যে (গাছে ফুল আসার আগে) প্রথম সেচ এবং ৫০-৫৫ দিনের মধ্যে (ফল ধরার সময়) দ্বিতীয় সেচ দিতে হবে।
- সরিষা গাছে ফুল ও ফল আসার সময় জাব পোকার আক্রমণ দেখা দিতে পারে। আক্রমণ দেখা মাত্র ৫০ গ্রাম নিম বীজ ভেঙে ১ লিটার পানিতে ১২ ঘণ্টা ভিজিয়ে ২-৩ গ্রাম গুড়া সাবান মিশিয়ে ছেঁকে ৭ দিন অন্তর ২ বার ছিটাতে হবে। আক্রমণ বেশি হলে ম্যালাথিয়ন ৫৭ ইসি ২ মিলি প্রতি লিটার পানিতে মিশিয়ে বিকাল ৩ টার পর ১০ দিন অন্তর ২ বার ছিটাতে হবে।

**সবজি:**

- হালকা সেচ প্রয়োগ করুন।
- বেগুনে ডগা ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দিলে কীড়াসহ আক্রান্ত ডগা কেটে ধ্বংস করুন। ফেরোমন ফাঁদ ব্যবহার করে পোকার বংশবৃদ্ধি অনেকটা কমিয়ে আনা সম্ভাব। একান্ত প্রয়োজনে কেবল মাত্র পরিমিত মাত্রায় নির্দিষ্ট ক্ষমতা সম্পন্ন রাসায়নিক কীটনাশক অথবা স্থানীয়ভাবে সুপারিশকৃত জৈব কীটনাশক ব্যবহার করুন।
- কুমড়া জাতীয় সবজিতে মাছি পোকার আক্রমণ দেখা দিলে ফেরোমন ও বিষটোপ ফাঁদের যৌথ ব্যবহার করুন। আলফা সাইপারমেথ্রিন গ্রুপের বালাইনাশক ব্যবহার করা যেতে পারে।
- লাউ জাতীয় সবজিতে পাউডারি মিলডিউ দেখা দিলে হেক্সাকোনাজল অথবা মেনকোজেব প্রয়োগ করুন।
- শিম ও বাঁধাকপিতে জাব পোকার আক্রমণ দেখা দিলে ক্লোরপাইরিফস গ্রুপের বালাইনাশক অনুমোদিত মাত্রায় ব্যবহার করুন।
- মরিচে থ্রিপস পোকার আক্রমণ দেখা দিলে আঠালো সাদা ফাঁদ (প্রতি হেক্টরে ৪০ টি) ব্যবহার করে নিয়ন্ত্রণ করা যায়। আক্রমণ বেশি হলে ফিপ্রোনিল বা ডাইমেথয়েট ১০ লিটার পানিতে ১০ মিলি হারে স্প্রে করা যেতে পারে।

**উদ্যান ফসল:**

- ফল বাগানের আন্ত:পরিচর্যা করতে হবে।
- আমের বিভিন্ন পর্যায়ে শোষক পোকা (হপার) এবং এনথ্রাকনোজ রোগের আক্রমণ দেখা দিতে পারে। মুকুল আসার সময় আক্রমণ হলে ফুল ঝরে যায়। দমনের জন্য মুকুল আসার পর কিন্তু ফুল ফোটার আগে প্রতি লিটার পানিতে সাইপারমেথ্রিন (রিপকর্ড/সিমবুশ/ফেনম/বাসাথ্রিন) ১০ ইসি ১ মিলি এবং টিল্ট ২৫০ ইসি ০.৫ মিলি হারে মিশিয়ে একবার এবং তার একমাস পর আরেকবার গাছের পাতা, মুকুল ও ডালপালা ভালভাবে ভিজিয়ে স্প্রে করতে হবে।
- কলাগাছের পাতায় সিগাটোকা রোগের লক্ষণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ০.৫ মিলি স্কোর অথবা ২ গ্রাম নোইন বা ব্যাভিস্টিন অথবা ০.১ মিলি একোনাজল/ফলিকোর মিশিয়ে ১৫-২০ দিন অন্তর ২-৩ বার স্প্রে করতে হবে।
- কলার বিটল পোকার আক্রমণ দেখা দিলে আইসোপ্রোকার্ব (এমআইপিসি) গ্রুপের বালাইনাশক প্রয়োগ করুন।
- নারিকেলের মাকড় দমনের জন্য আক্রান্ত গাছের কচি ডাব কেটে পুড়িয়ে ফেলে গাছে মাকড়নাশক প্রয়োগ করতে হবে। এর সাথে আশেপাশের কম বয়সী গাছের কচি পাতাতেও মাকড়নাশক প্রয়োগ করতে হবে।
- পেয়ারায় মিলিবাগের আক্রমণ হলে অনুমোদিত বালাইনাশক ব্যবহার করুন। প্রতি লিটার পানিতে ৫ গ্রাম হারে গুড়া সাবান মিশিয়ে স্প্রে করেও এ পোকা দমন করা যায়।
- পেয়ারায় ফলের মাছি পোকার আক্রমণ দেখা দিলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
- প্রয়োজন অনুযায়ী সেচ প্রদান করুন।

**গবাদি পশু:**

- গবাদি পশুকে খড়ের পাশাপাশি ঘাস, পাতা বা দানাদার খাদ্য বিশেষ করে খৈল ও ডালের ভূষি দিতে হবে।
- রোগ প্রতিরোধে গবাদি পশুকে নিয়মিত টীকা দিন।
- গবাদি পশুর ঘর শুকনা ও পরিষ্কার রাখুন।

**হাঁস মুরগী:**

- রোগ প্রতিরোধে হাঁস মুরগীকে নিয়মিত টীকা দিন।
- হাঁসমুরগীর ঘর শুকনা ও পরিষ্কার রাখুন।

**মৎস্য:**

- বিক্রির উপযোগী বড় মাছ ধরে বিক্রি করুন।
- পুকুর পাড়ের ডালপালা ও আগাছা পরিষ্কার করে পুকুরে পর্যাপ্ত রোদের ব্যবস্থা করুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (০২ মার্চ ২০২২, সকাল ০৬টা পর্যন্ত) এবং ০১ মার্চ ২০২২ এ সর্বোচ্চ তাপমাত্রা, ০২ মার্চ ২০২২ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০০ | ৩১.১ | ২২.০ | রাজশাহী | রাজশাহী | ০০ | ২৯.৫ | ১৬.০ |
| | টাঙ্গাইল | ০০ | ৩০.০ | ১৬.৫ | | ঈশ্বরদী | ০০ | ২৯.০ | ১৫.৫ |
| | ফরিদপুর | ০০ | ৩০.২ | ১৮.৮ | | বগুড়া | ০০ | ৩০.০ | ১৬.৮ |
| | মাদারীপুর | ০০ | ৩০.২ | ১৬.৩ | | বদলগাছী | ০০ | ২৯.৬ | ১৫.৫ |
| | গোপালগঞ্জ | ০০ | ২৯.৮ | ১৭.২ | | তাড়াশ | ০০ | ২৮.৫ | ১৭.২ |
| | নিকলি | ০০ | ২৯.৫ | ১৫.১ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০০ | ২৯.০ | ১৬.০ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ২৯.৪ | ১৫.৮ | | দিনাজপুর | ০০ | ২৯.৫ | ১৪.০ |
| | নেত্রকোনা | ০০ | ২৯.৪ | ১৫.৭ | | সৈয়দপুর | ০০ | ২৯.৪ | ১৪.২ |
| | | | | | | তেঁতুলিয়া | ০০ | ২৭.৭ | ১৩.৪ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩২.৭ | ১৮.৭ | | ডিমলা | ০০ | ২৭.৬ | ১৬.৬ |
| | সন্দ্বীপ | ০০ | ৩২.০ | ১৫.৩ | | রাজারহাট | ০০ | ২৮.২ | ১৪.৫ |
| | সীতাকুন্ড | ০০ | ৩৩.০ | ১৬.৪ | | | | | |
| | রাঙ্গামাটি | ০০ | ৩২.৮ | ১৩.৭ | খুলনা | খুলনা | ০০ | ৩০.৬ | ১৯.০ |
| | কুমিল্লা | ০০ | ৩১.২ | ১৬.৬ | | মংলা | ০০ | ৩০.৮ | ১৯.৩ |
| | চাঁদপুর | ০০ | ৩২.০ | ১৮.৪ | | সাতক্ষীরা | ০০ | ২৯.৯ | ১৯.৭ |
| | মাইজদীকোর্ট | ০০ | ৩০.৫ | ১৮.৪ | | যশোর | ০০ | ৩০.৬ | ১৮.০ |
| | ফেনী | ০০ | ৩৩.০ | ১৫.৫ | | চুয়াডাঙ্গা | ০০ | ২৯.২ | ১৫.৯ |
| | হাতিয়া | ০০ | ৩১.০ | ১৭.৫ | | কুমারখালী | ০০ | ৩০.০ | ১৬.৫ |
| | কক্সবাজার | ০০ | ৩২.৮ | ১৯.০ | | | | | |
| | কুতুবদিয়া | ০০ | ৩২.২ | ১৮.০ | বরিশাল | বরিশাল | ০০ | ৩১.০ | ১৫.৪ |
| | টেকনাফ | ০০ | ৩৪.২ | ২০.০ | | পটুয়াখালী | ০০ | ৩১.৩ | ১৮.৬ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ৩২.০ | ১৭.৬ |
| সিলেট | সিলেট | ০০ | ৩১.৫ | ১৬.২ | | ভোলা | ০০ | ৩১.৪ | ১৬.৪ |
| | শ্রীমঙ্গল | ০০ | ৩০.২ | ১১.২ | | | | | |

## প্রধান বৈশিষ্ট ্য সমূহঃ-:


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৭.৩২ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.২১ মিঃ মিঃ ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ


**পূর্বাভাসঃ** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।


**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।


## সপ্তাহের শেষে (০১ মার্চ ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন






Minimum Temperature (°C)
(23/02/2022 - 01/03/2022)
(°C)
12 14 16 18 20



Anomaly Minimum Temperature (°C)
(23/02/2022 - 01/03/2022)
(°C)
-4 -2 0 2



Diurnal Temperature (°C)
(23/02/2022 - 01/03/2022)
(°C)
11 13 15 17


Anomaly Diurnal Temperature (°C)
(23/02/2022 - 01/03/2022)
(°C)
-4 -2 0 2 4


Maximum Humidity (%)
(23/02/2022 - 01/03/2022)
(%)
79 84 89 94 99


Minimum Humidity (%)
(23/02/2022 - 01/03/2022)
(%)
16 24 32 40 50


Wind Speed (knots)
(23/02/2022 - 01/03/2022)
(knots)
0 2 4 6


Cloud Amount (Octa)
(23/02/2022 - 01/03/2022)
(Octa)
0 1 2 3

# আবহাওয়া পূর্বাভাস


## আবহাওয়া পূর্বাভাস ০১/০৩/২০২২ হতে ০৭/০৩/২০২২ তারিখ পর্যন্তঃ


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৭.২৫ থেকে ৮.২৫ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


এ সপ্তাহে বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মিঃ মিঃ থেকে ৪.০০ মিঃ মিঃ থাকতে পারে।


- এ সময় দেশের আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলাসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে তবে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের দুই-এক স্থানে হালকা বৃষ্টির(০৪-১০মি.মি/প্রতিদিন) সম্ভবনা রয়েছে।
- এ সময় সকালে দেশের উত্তরাঞ্চল ও পশ্চিমাঞ্চলের কোথাও কোথাও হালকা কুয়াশা পড়তে পারে।
- এ সময় সারা দেশের দিনের তাপমাত্রা ১-২° সে এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।


### আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (০২ মার্চ হতে ০৬ মার্চ ২০২২ পর্যন্ত)









Minimum Temperature (°C)
(02/03/2022 - 06/03/2022)
(°C)
11 13 15 17 19


Maximum Humidity (%)
(02/03/2022 - 06/03/2022)
(%)
27 39 51 63 74



Minimum Humidity (%)
(02/03/2022 - 06/03/2022)
(%)
21 31 41 51 61


Diurnal Temperature (°C)
(02/03/2022 - 06/03/2022)
(°C)
15 17 19 21



Wind Speed (knots)
(02/03/2022 - 06/03/2022)
2 3 4 5
(knots)

# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্যঃ**


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week No. 8 (19 February-25 February) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 8 (19 February-25 February) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 8 (19 February-25 February) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 8 (19 February-25 February) over Agricultural regions of Bangladesh

